# পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড

## পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প

### প্রকল্প পরিচালকের কার্যালয়

### রাঙ্গামাটি

নং: ২৯.৩১.০০০০.০১৭.১৫০.২০২২/১৫৯২ | তারিখ : ২৩/০৬/২০২২খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর আওতাধীন পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান শীর্ষক প্রকল্পভুক্ত ম্রো/রুমা/আলীকদম ও রাজস্থলী আবাসিক বিদ্যালয়সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | সাকুল্য বেতন/গ্রেড | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ০২ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিএড/সমমানসহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ২ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০১ | টাকা-৩৩,৭০০/- গ্রেড-০৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞানে/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ স্নাতক/সমমান ডিগ্রী অথবা কোন স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে কম্পিউটার বিজ্ঞানে ৩ বছরের ডিপ্লোমা থাকতে হবে। সমগ্র শিক্ষা জীবনে ১টি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। |
| ৩ | প্রশিক্ষক (কম্পিউটার) | ০১ | টাকা-২৪,৭০০/- গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সংশ্লিষ্ট ট্রেডে ২য় বিভাগ/সমমানসহ ডিপ্লোমা পাস হতে হবে। ডিপ্লোমা ডিগ্রী ব্যতীত শিক্ষা জীবনে অন্যান্য স্তরে সর্বোচ্চ ১টি ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রহণযোগ্য। |
| ৪ | জুনিয়র শিক্ষক | ০১ | টাকা-১৮,০৮৫/- গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | এইচএসসি- ২য় বিভাগ/সমমান |
| ৫ | জুনিয়র শিক্ষক (বৌদ্ধ ধর্ম) | ০১ | টাকা-১৮,০৮৫/- গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | পালিসহ এইচএসসি- ২য় বিভাগ/সমমান |
| ৬ | নৈশপ্রহরী | ০১ | টাকা-১৪,৭০০/- গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| ৭ | পাচক | ০১ | টাকা-১৫,০০০/- গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| ৮ | ঝাড়ুদার | ০১ | টাকা-১৪,৭০০/- গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| ৯ | বাগানমালী কাম পাম্প চালক | ০১ | টাকা-১৪,৭০০/- গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | অষ্টম শ্রেণি/JSC/JDC |
| | মোট | ১০ | | | |

**আবেদন পদ্ধতি ও শর্তাবলী:**

১। নিম্নলিখিত বিষয়াবলী উল্লেখপূর্বক আবেদন আগামী ৩১ জুলাই, ২০২২ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি-এর বরাবরে দাখিল করতে হবে :
(ক) আবেদনকারীর নাম (খ) মাতা ও পিতার নাম (গ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঘ) শিক্ষাগত যোগ্যতা (ঙ) অভিজ্ঞতা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ ও ৩১/০৭/২০২২ খ্রি: তারিখে বয়স (ঝ) যোগাযোগের জন্য মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা (যদি থাকে)।

২। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(ক) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(খ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

(গ) অভিজ্ঞতা ও অন্যান্য সনদের সত্যায়িত কপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র প্রদত্ত জাতীয়তা সনদ ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত অনুলিপি।

(চ) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পোষ্য সমর্থনে প্রমাণপত্র।

৩। সরকারী/আধাসরকারী ও অন্যান্য স্বায়ত্তশাসিত সংস্থার প্রার্থীগণকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত/নিয়োগপ্রাপ্ত হলেও আবেদনপত্র/নিয়োগ বাতিল এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।

৬। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৭। আবেদনকারীকে নিয়োগ পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং- ১ হতে ০৫ পর্যন্ত পদে ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ০৬ হতে ০৯ পর্যন্ত ১০০/- (একশত) টাকা প্রকল্পের ব্যাংক হিসাব "এসএসএসসিএইচটি (বিবিধ)", নং-৫৪২৩৯০২০০০৩৭১, সোনালী ব্যাংক, রাঙ্গামাটি শাখায় অনলাইনের মাধ্যমে জমা করে রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি, বিজ্ঞপ্তি বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে। এক্ষেত্রে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

১০। সাক্ষাৎকারের জন্য প্রার্থীদেরকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগের বিষয়ে যেকোন সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২। যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে (www.chtdb.gov.bd) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রকাশ করা হবে।

২৬/০৬/২০২২

ইফতেখার আহমেদ
(যুগ্ম সচিব)
প্রকল্প পরিচালক
ফোন: ০২৩৩৩৩৭২৩০৬
ইমেইল: ssscht18@gmail.com

পিসি-১১১৪/২২ (১২˝×৪)